<u>জনকণ্ঠ ২১.০৩.১৭</u>

# গ্রামের ভূমি ব্যবহারে ছাড়পত্র বাধ্যতামূলক

**বিশেষ প্রতিনিধি** ॥ নগরের পাশাপাশি গ্রামাঞ্চলেও বাড়িঘর নির্মাণ এবং যে কোন উন্নয়ন কাজে ভূমি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র নেয়ার বাধ্যবাধকতা রেখে আইন করতে যাচ্ছে সরকার। এই লক্ষ্যে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৭' এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এই নিয়ম অমান্য করলে পাঁচ বছর কারাদণ্ডের সঙ্গে ৫০ লাখ টাকা জরিমানার বিধান রাখা হয়েছে। এছাড়া মন্ত্রিসভা পাকিস্তানী সেনাবাহিনীর বর্বরোচিত ও নৃশংস হত্যাকাণ্ডের জন্য ২৫ মার্চ জাতীয় ও আন্তর্জাতিকভাবে 'গণহত্যা দিবস' ঘোষণার প্রস্তাব, 'প্রবাসী কল্যাণ বোর্ড আইন, ২০১৭' এর খসড়া এবং দেশে যে কোন ধরনের বস্ত্রশিল্প প্রতিষ্ঠায় নিবন্ধনের বিধান রেখে 'বস্ত্র আইন, ২০১৭' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সোমবার মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন দেয়া হয়। পাশাপাশি শততম টেস্টে জয় পাওয়ায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম *(৪ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)*